



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

“অথরিটি ভবন”

ই-১২/এ, আগারগাঁও, ঢাকা বাস্তু নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮০-২-৯১২৪৮৪৬
ফ্যাক্স : ৮৮০-২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

ইনোভেশন টিমের ২০১৬ সালের বার্ষিক কর্মপরিকল্পনা

১। ই-লাইসেন্সিং সিস্টেম :

জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ তে দেশের যে কোন স্থান থেকে যে কোন সময় নাগরিক সেবা অনলাইনে পাওয়ার ব্যবস্থাকরণের বিষয়টি উল্লেখ আছে। বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনাপূর্বক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এটুআই প্রোগ্রামের সহযোগিতায় সার্ভিস ইনোভেশন ফান্ডের আওতায় ২০১৬ সালে ই-লাইসেন্সিং সিস্টেম চালু করবে। অনলাইন ভিত্তিক সেবা ব্যবস্থা চালু হলে কর্তৃপক্ষের সেবা গ্রহণে গ্রহকদের সময় (Time), খরচ (Cost) এবং প্রতিষ্ঠানে আগমনের (Visit) সংখ্যা কমানোর মাধ্যমে নাগরিক সন্তুষ্টি বৃদ্ধি পাবে।

২। ই-ফাইলিং সিস্টেম :

রূপকল্প ২০২১ বাস্তবায়ন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বর্তমান সরকার দাঙ্গারিক কাজে লাল ফিতার দৌরাত্ম্য করাতে ই-ফাইলিং সিস্টেম চালু করেছে। কর্তৃপক্ষের ইনোভেশন টিম প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে দাঙ্গারিক কাজে গতি-স্বচ্ছতা ও দক্ষতা বাড়ানোর মাধ্যমে জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে ২০১৬ সালে ই-ফাইলিং সিস্টেম চালুকরণে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবে। এত করে ফাইলের স্ক্রপ নিয়ে আর ঘুরতে হবে না।

৩। অনলাইনে পেমেন্ট :

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ নিয়মিতভাবে দেশব্যাপী বিকিরণ স্থাপনাসমূহে কর্মরত বিকিরণ কর্মীদের জন্য পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স এবং পরীক্ষার আয়োজন করে। বর্তমানে ব্যাংকে গিয়ে গ্রাহকদের এতদ্সংক্রান্ত ফি প্রদান করতে হচ্ছে। ইনোভেশন টিম Payment gateway এর মাধ্যমে অনলাইনে ফি চালুকরণের বিষয়টি বিবেচনা করছে - যাতে প্রশিক্ষণার্থীরা বিকাশ বা কার্ডের মাধ্যমে প্রশিক্ষণ এবং পরীক্ষার ফি অনলাইনে প্রদান করতে পারেন। এতে ফি পরিশোধে ব্যয় এবং সময়ের অপচয় হ্রাস পাবে। দ্রুত ফি পরিশোধের মাধ্যমে জনগণ উপকৃত হবে; সর্বোপরি কর্তৃপক্ষ তথ্য সরকারের উপর আস্থা বাড়বে।

৪। নিয়ন্ত্রণমূলক সেবা সংক্রান্ত মোবাইল অ্যাপস :

কর্তৃপক্ষের ইনোভেশন টিম এটুআই প্রোগ্রাম বা এতদ্সংক্রান্ত বিশেষজ্ঞদের সহযোগিতায় নিয়ন্ত্রণমূলক সেবা প্রদানের ক্ষেত্রে মোবাইল অ্যাপস তৈরী করবে। ফলাফলস্বরূপ স্টেকহোল্ডাররা নির্বাঞ্ছিতভাবে তাঁদের ঘরে বসেই মোবাইলের মাধ্যমে লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি জানতে সক্ষম হবেন।

৫। ই-টেক্নোলজি (ই-জিপি) সিস্টেম :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় ই-গভর্নেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টাল (<http://eprocure.gov.bd>) তৈরী করেছে। এটি একমাত্র ওয়েব পোর্টাল যেখান থেকে এবং যার মাধ্যমে ক্রয়কারী সংস্থা এবং ক্রয়কারী প্রতিষ্ঠানসমূহ নিরাপদ ওয়েব ড্যাসবোর্ডের মাধ্যমে ক্রয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করতে পারছেন। এমতাবস্থায় সরকারী ক্রয় প্রক্রিয়ায় দরদাতাদের অবাধ অংশগ্রহণ ও সমস্যোগ সৃষ্টি এবং ক্রয় প্রক্রিয়ার দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ইনোভেশন টিমের ২০১৬ সালের ভবিষ্যৎ কর্মপরিকল্পনার মধ্যে ই-টেক্নোলজি সিস্টেম চালুকরণের বিষয়টি অঙ্গুরুক্ত করছে।

৬। ওয়েবসাইট আকর্ষণীয়করণ :

জনগণের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের জন্য ইনোভেশন টিম অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটটি (www.baera.gov.bd) আরও আকর্ষণীয় করে তোলার জন্য কাজ করবে।